সংসদীয় আসনের উপনির্বাচনে অংশ নেবে না বিএনপি: মির্জা ফখরুল

চেম্বার ডেস্ক:: দেশের নির্বাচন ব্যবস্থা ভেঙে পড়ার অভিযোগ তুলে শূণ্য হওয়া সংসদীয় আসনের উপনির্বাচনে অংশ না নেওয়ার সিদ্ধান্ত নিয়েছে বিএনপি। দলটির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর এ তথ্য জানিয়েছেন। রোববার দুপুরে গুলশানে বিএনপি চেয়ারপার্সনের রাজনৈতিক কার্যালয়ে অনুষ্ঠিত সংবাদ সম্মেলনে তিনি এ কথা বলেন।

নির্বাচন কমিশন ও সরকারের সমালোচনা করে মির্জা ফখরুল বলেন, দেশের নির্বাচন ব্যবস্থা সম্পূর্ণ ভাবে ভেঙ্গে পড়ায় এবং এই নির্বাচন কমিশনের অযোগ্যতা ও প্রতিটি নির্বাচনে সরকারের নগ্ন হস্তক্ষেপের কারনে আগামীতে লক্ষীপুর-২, সিলেট-৩, ঢাকা-১৪ কুমিল্লা-৫ আসনের উপনির্বাচনে অংশ গ্রহণ না করার সিদ্ধান্ত গ্রহণ করে।

সংবাদ সম্মেলন থেকে বিএনপির প্রতিষ্ঠাতা শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের ৪০তম মৃত্যুবার্ষিকী উদযাপন উপলক্ষে কর্মসূচি ঘোষণা করেন মির্জা ফখরুল ইসলাম আলমগীর। গতকাল শনিবার দলের সর্বোচ্চ নীতি নির্ধারণী ফোরাম জাতীয় স্থায়ী কমিটির ভার্চুয়াল বৈঠক অনুষ্ঠিত হয়। সেখানে এই সিদ্ধান্ত হয় বলে জনান বিএনপি মহাসচিব।

মির্জা ফখরুল বলেন, স্বাধীনতার ঘোষক, বহুদলীয় গণতন্ত্রের পূণ:প্রবর্তক, আধুনিক বাংলাদেশের রূপকার বিএনপি’র প্রতিষ্ঠাতা শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের ৪০তম শাহাদাত বাষির্কীর কর্মসূচী সম্পর্কে বিশদ আলোচনা শেষে সিদ্ধান্ত গৃহীত হয়।

তিনি বলেন, ৩০মে সকাল ৬টায় কেন্দ্রীয় কার্যালয় ও দেশের মহানগর, জেলা, উপজেলার বিএনপি সকল কার্যালয়ে দলীয় পতাকা অর্দ্ধনমিত করন এবং কালো পতাকা উত্তোলন। ১১টায় শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের মাজারে ফাতেহা পাঠ ও শ্রদ্ধা নিবেদন। ২৯ মে ২০২১ বিকাল

৩টা ৩০মিনিট শহীদ জিয়ার জীবনের ওপর কেন্দ্রীয় পর্যায়ে ভার্চুয়াল আলোচনা। মহানগর, জেলা ও উপজেলা সংযুক্ত হবে। ৩০ মে মহানগর, জেলা, উপজেলা ও পৌর কমিটিগুলো শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের আত্মার মাগফেরাত কামনা করে দোয়া মাহফিল অনুষ্ঠিত হবে এবং দুস্থ মানুষের মাঝে স্বাস্থ্য বিধি মেনে খাদ্য সামগ্রী ও বস্ত্র বিতরণ করা হবে।

মির্জা ফখরুল বলেন, সকল অঙ্গ ও সহযোগী সংগঠন তাদের সুবিধা অনুযায়ী শহীদ প্রেসিডন্ট জিয়াউর রহমানের শাহাদাত বাষির্কী উপলক্ষে কর্মসূচী গ্রহণ করে বিএনপি কার্যালয়ের সাথে সমন্বয় করে। মহানগর জেলা পর্যায়ে কর্মসূচী গুলোতে কেন্দ্রীয় নেতৃবৃন্দ ব্যক্তিগত ভাবে অথবা ভার্চুয়ালী সংযুক্ত হবেন।